

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স চতুর্থ বর্ষের পুনর্মূল্যায়নের ফল প্রকাশ

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে সালের অনার্স চতুর্থ বর্ষের পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয়েছে।
সোমবার (৯ ফেব্রুয়ারি) পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল করিম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৩ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষার পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট results.nu.ac.bd এ পাওয়া যাবে।

এতে আরো বলা হয়, ৪ বছরের সমন্বিত
ফলাফল (সিডিজিপিএ) আগামী সপ্তাহে প্রকাশ
করা হবে। প্রকাশিত ফলাফলে কোনো প্রকার
অসংগতি বা ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা
সংশোধন অথবা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।